গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ টেলিভিশন
সদর দপ্তর
রামপুরা, ঢাকা-১২১৯।
www.btv.gov.bd

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়
ডাইরী নং ৫৫৯ তারিখ 22/08/22

নং-১৫.৫৪.০০০০.০২১.০৬.০৬১.২২. ১৫৯১৮

তারিখ: ০২ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
১৭ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়: ২০২২-২৩ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত ১ম সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| তারিখ | : | ০৮.০৮.২০২২ খ্রিঃ |
| সময় | : | বিকাল ১১:০০ টা |
| স্থান | : | পরিচালক (প্রশাসন) এর অফিস কক্ষ |
| সভাপতি | : | পরিচালক (প্রশাসন), বিটিভি |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মো: নাছিমুজ্জামান সকলের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রেরিত ২০২২-২৩ অর্থ বছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। সদস্য সচিব জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ টেলিভিশনের উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়ে থাকে। সভায় ইনোভেশন টিমের সদস্য সিনিয়র সিস্টেম এনালিস্ট জনাব ওবায়দুল্লাহ আহম্মদ, সিনিয়র ইঞ্জিনিয়ার (চ: দা:) জনাব মুহাম্মদ আনিসুর রহমান, নির্বাহী প্রযোজক (বার্তা) জনাব মো: শামছুল আলম, কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার (চ: দা:) জনাব সাহরিয়ার মোহাম্মদ হাসান,ও সদস্য-সচিব সহকারী পরিচালক (প্রশাসন) জনাব মো: নাছিমুজ্জামান উপস্থিত ছিলেন। পরবর্তীতে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত ২০২২-২০২৩ অর্থ বছরে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন কর্মপরিকল্পনা সভায় পর্যালোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম: | আলোচ্য বিষয় | আলোচনা/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/কর্মকর্তা |
|---|---|---|---|
| ০১. | সেবা সহজীকরণ/ ডিজিটাইজেশনের মাধ্যমে নতুন ন্যূনতম একটি উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | ২০২২-২০২৩ অর্থ বছরে উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে চিটিজেন চার্টার কেন্দ্রিক উদ্ভাবনী উদ্যোগ/সেবা সহজীকরণ ধারণা প্রাপ্তির লক্ষ্যে ১৫ দিনের সময় উল্লেখপূর্বক সকল শাখা/কেন্দ্র/উপকেন্দ্রের ধারণা প্রস্তাব আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |
| ০২. | ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতকৃত | ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতের সময়সীমা রয়েছে আগামী ১৩.১০.২০২২ তারিখ। সে মোতাবেক নির্ধারিত তারিখের পূর্বে মন্ত্রণালয়ের ছক মোতাবেক ডাটাবেজ প্রস্তুতপূর্বক ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | ইনোভেশন টিম ও প্রশাসন শাখা |
| ০৩. | ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ চালুকৃত | ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজীকৃত ও ডিজিটাইজকৃত প্রক্রিয়া অনুযায়ী কার্যকর /চালুর বিষয়ে হালনাগাদ তথ্য প্রেরণের জন্য সংশ্লিষ্ট শাখার নিকট পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য-সচিব ইনোভেশন টিম |
| ০৪. | ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত | বিটিভির ই-নথির ব্যবহার বৃদ্ধির বিষয়ে প্রত্যেক শাখাকে তাগিদ প্রদান করতে হবে। সেই সাথে ঢাকা কেন্দ্রের সকল শাখায় জরুরি ভিত্তিতে ই-নথি চালুর উদ্যোগ গ্রহণ করা হলে বিটিভির ই-নথি নিষ্পত্তির হার আরো বৃদ্ধি পাবে।<br><br>এছাড়াও, ই-ফাইলিং সংক্রান্ত তথ্যাদি মন্ত্রণালয়ে প্রেরণের নিমিত্ত প্রধান কার্যালয় হতে নির্ধারিত ছক মোতাবেক আইটি শাখা হালনাগাদ অগ্রগতি প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে প্রশাসন শাখার প্রেরণ নিশ্চিত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সিনিয়র সিস্টেম এনালিস্ট |

চলমান পাতা-০২

| ক্রম: | আলোচ্য বিষয় | আলোচনা/সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা/কর্মকর্তা |
|---|---|---|---|
| ০৫. | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/কর্মপরিকল্পনা প্রণীত | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় আইন/পলিসি/ কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যমাত্রা রয়েছে ৩১.১০.২০২২ তারিখ। সে মোতাবেক অর্জনযোগ্য কর্মপরিকল্পনা প্রণয়নের নিমিত্ত সকল শাখা প্রধানগণের নিকট পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সদস্য-সচিব ইনোভেশন টিম |
| ০৬. | ৪র্থ শিল্প বিপ্লবের সম্ভাব্য চ্যালেঞ্জ মোকাবেলায় বিষয় ভিত্তিক কর্মশালা আয়োজিত | শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় সচেতনতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মপরিকল্পনা মোতাবেক চলতি অর্থ বছরে ২টি কর্মশালা আয়োজনের বিষয়ে সংশ্লিষ্ট ডেস্ক অফিসারকে সচেষ্ট থাকতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন-২) |
| ০৭. | তথ্য বাতায়ন হালনাগকৃত (ত্রৈমাসিক ভিত্তিতে) | তথ্য বাতায়নে সকল সেবাবক্স হালনাগাদ এবং বিভিন্ন প্রকাশনা ও তথ্যাদি তথ্য বাতায়নে নিয়মিতভাবে প্রকাশের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। ত্রৈমাসিক ভিত্তিতে তথ্য বাতায়ন সংক্রান্ত হালনাগাদ তথ্যাদি মন্ত্রণালয়ে প্রেরণপূর্বক (স্ক্রীনশটসহ) প্রশাসন শাখাকে কপি সরবরাহ নিশ্চিত করতে হবে। | সদস্য-সচিব ইনোভেশন টিম ও সিনিয়র সিস্টেম এনালিস্ট |
| ০৮. | কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত | ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নে সচেতনতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে কর্মপরিকল্পনা মোতাবেক চলতি অর্থ বছরে ৪টি প্রশিক্ষণ আয়োজনের লক্ষ্যমাত্রা রয়েছে। এই বিষয়ে ত্রৈমাসিক ভিত্তিতে কর্মপরিকল্পনা গ্রহণপূর্বক প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | সহকারী পরিচালক (প্রশাসন-২) |
| ০৯. | ই-গভার্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত | ই-গভর্ন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য ইনোভেশন কোডে ৬.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে তন্মধ্যে প্রধান কার্যালয়ের অনুকূলে বরাদ্দ ১.০০ লক্ষ টাকা। কেন্দ্র/উপকেন্দ্রের অনুকূলে বরাদ্দকৃত ৫.০০ (পাঁচ) লক্ষ টাকায় বিটিভি ঢাকা কেন্দ্রে ইনোভেশন সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়ন করতে হবে। | সদস্য-সচিব ইনোভেশন টিম ও জেনারেল ম্যানেজার, ঢাকা কেন্দ্র |
| ১০. | কর্মপরিকল্পনার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত | ২০২২-২০২৩ অর্থ বছরে ইনোভেশন কর্মপরিকল্পনায় উদ্ভাবন কর্মপরিকল্পনার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ১৫.০১.২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের বাস্তবায়নের লক্ষ্যমাত্রা রয়েছে। সে মোতাবেক নির্ধারিত তারিখের পূর্বে অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন বিটিভির ওয়েবসাইটে প্রকাশ এবং মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |
| ১১. | আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত | আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত প্রতিবেদন ৩১.০১.২০২৩ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের লক্ষ্যমাত্রা রয়েছে। সে মোতাবেক নির্ধারিত তারিখের পূর্বে অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন পর্যালোচনাপূর্বক প্রস্তুতকৃত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ইনোভেশন টিম |
| ১২. | দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত | ইত:পূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগ পরিদর্শনের জন্য দেশে/বিদেশে পরিদর্শনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। | সদস্য-সচিব ইনোভেশন টিম |

স্বা:/-
আফছানা বিলকিস
পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫১৩২২২৬ (অফিস)

চালমান পাতা-০৩

নং-১৫.৫৪.০০০০.০২১.০৬.০৬১.২২. ২৫৯১৮/ ৯ (১১)

তারিখ: ০২ ভাদ্র ~~শ্রাবণ~~ ১৪২৯ বঙ্গাব্দ
১৭ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

০১। উপমহাপরিচালক (প্রশাসন ও অর্থ/অনুষ্ঠান/বার্তা), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০২। প্রধান প্রকৌশলী, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০৩। পরিচালক ............................ (সকল), বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০৪। জেনারেল ম্যানেজার, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা/চট্টগ্রাম কেন্দ্র
০৫। জনাব ওবায়দুল্লাহ আহম্মদ, সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
০৬। জনাব মুহাম্মদ আনিসুর রহমান, সিনিয়র ইঞ্জিনিয়ার (চলতি দায়িত্ব), বিটিভি, ঢাকা
০৭। কন্ট্রোলার/প্রোগ্রাম ম্যানেজার (উপস্থাপন), বিটিভি, ঢাকা কেন্দ্র
০৮। জনাব শামছুল আলম, নির্বাহী প্রযোজক (বার্তা), বিটিভি, ঢাকা কেন্দ্র
০৯। সহকারী পরিচালক (প্রশাসন-২),বাংলাদেশ টেলিভিশন, ঢাকা
১১। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিটিভি, ঢাকা
১২। কার্যালয় নথি।

২৭/৮/২০২২
মো: নাছিমুজ্জামান
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫১৩১৯৮৭ (অফিস)

সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয়

| | |
|---|---|
| সিস্টেম এনালিস্ট | প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| প্রোগ্রামার-১ | উপস্থাপন করুন |
| প্রোগ্রামার-২ | কথা বলুন |
| পিএ | তাগিদ দিন |
| | সিনিয়র সিস্টেম এনালিস্ট |

24/8/22